



Directors' Report

for the Year Ended 30 June 2023

DEAR SHAREHOLDERS, ASSALAMUALAIKUM:

On behalf of the Board of Directors and on my own behalf I take the privilege to welcome you all at the 28th Annual General Meeting of Fu-Wang Ceramic Industry Limited and present before you a summarized performance of the Company together with the Audited Accounts and Financial Statements for the year ended 30 June 2023 and the Auditor's Report thereon.

COMPANY'S PERFORMANCE AND FINANCIAL RESULT:

The Government has relaxed a little bit the embargo on extracting clay from our leasehold mine. We are expecting that as we have fulfilled DoE's prerequisite about submission of Environmental Management Plan (EMP), GOB will resolve the issue at the earliest. However, as per Hon'ble High Court's order, we are extracting clay from our own mine.

The reporting year Turnover and Profit of the company has increased compared to last year by 8.17% and 14.41% respectively due to striving hard in line by the management despite of the overall economic recession for cumulative effect of COVID-19, Russia-Ukraine war and high cost of imported raw materials. The Company has posted a net profit before tax amounting to Taka 4,67,42,913 in the year ended 30 June 2023 which has increased by around 5.57% compared to immediate preceding year's net profit before tax amounting to Taka 4,42,75,770.

During this year, our company achieved substantial growth in our product portfolio by introducing 72 new designs tiles, comprising 42 in wall tiles and 30 in floor categories tiles.

পরিচালনা পর্ষদের প্রতিবেদন

সমাপ্ত অর্থবছর ৩০ জুন ২০২৩

প্রিয় শেয়ারহোল্ডারবৃন্দ, আসসালামু আলাইকুম:

ফু-ওয়াং সিরামিক ইন্ডাস্ট্রি লিমিটেড-এর ২৮তম বার্ষিক সাধারণ সভায় আপনাদেরকে পরিচালনা পর্ষদের পক্ষ থেকে স্বাগত জানানোর সুযোগ পেয়ে আমি অত্যন্ত আনন্দিত বোধ করছি এবং সেই সাথে আমি ৩০ জুন ২০২৩ তারিখে সমাপ্ত বছরের উল্লেখযোগ্য কার্যক্রমের সারসংক্ষেপ, বার্ষিক নিরীক্ষিত হিসাব ও আর্থিক বিবরণী উপস্থাপন করছি।

প্রতিষ্ঠানের কার্যক্রম এবং আর্থিক ফলাফল:

আমাদের ইজারাকৃত খনি থেকে মাটি আহরণের উপর নিষেধাজ্ঞা সরকার কিছুটা শিথিল করেছেন। আমরা আশা করছি যে, যেহেতু পরিবেশ অধিদপ্তরের “পরিবেশ ব্যবস্থাপনা পরিকল্পনা” জমা দেওয়ার পূর্বাবশ্যিক শর্তাবলী পূরণ করেছি, বাংলাদেশ সরকার খুব শীঘ্রই বিষয়টি সমাধান করবেন। যাহোক, মাননীয় উচ্চ আদালতের আদেশ অনুযায়ী আমরা আমাদের নিজস্ব খনি থেকে মাটি আহরণ করছি।

ব্যবস্থাপনা কর্তৃপক্ষের কঠোর পরিশ্রম ও দক্ষ ব্যবস্থাপনার ফলে কভিড-১৯, রাশিয়া-ইউক্রেন যুদ্ধের ফলে বিশ্ব অর্থনৈতিক মন্দা ও কাঁচামালের উচ্চ মূল্য সত্ত্বেও গত বছরের তুলনায় বিক্রয় ও লাভ যথাক্রমে ৮.১৭% এবং ১৪.৪১% বৃদ্ধি পেয়েছে। ৩০ জুন ২০২৩ সমাপ্ত অর্থ বছরে কর পরিশোধের পূর্বে কোম্পানির কর পূর্ববর্তী নীট মুনাফা দাঁড়িয়েছে ৪,৬৭,৪২,৯১৩ যা পূর্ববর্তী বছরের কর পূর্ববর্তী নীট মুনাফা ৪,৪২,৭৫,৭৭০ এর তুলনায় প্রায় ৫.৫৭% বেশী।

এই বছরে আমাদের কোম্পানি ৪২টি ওয়াল টাইলস এবং ৩০টি ফ্লোর ক্যাটাগরি টাইলস মোট ৭২টি নতুন ডিজাইনের টাইলস সংযোজন করায় আমাদের পণ্যের পোর্টফলিও উল্লেখযোগ্যহারে বৃদ্ধি পায়।





We have introduced homogenous tiles in March 2015 and we are producing best quality tiles in terms of size, less water absorption, thickness and hardness. Therefore, it's become popular to the customers and demand is increasing.

DIVIDEND:

During the year company invested Tk. 5.78 crore in the Fixed Assets. Out of which around Tk. 1.69 crore invested from company's own source.

Considering the company's financial capability, the Board has opted recommending @2% cash dividend for the Y2022-2023 to all the shareholders other than Sponsors/Directors to be distributed subject to approval of the shareholders at the 28th Annual General Meeting. The Sponsors/Directors are holding 4,08,76,546 ordinary shares of Tk. 10/- each out of total 13,62,69,093 ordinary shares. The cash dividend to be payable to the public shareholders Tk. 1,90,78,509.00 for their holding 9,53,92,547 ordinary shares.

RETIRE, ELECT AND RATIFICATION OF THE APPOINTMENT OF DIRECTORS:

As per article 126 of the Articles of Association Mr. Md. Shaheed Hossain Tanjil, Mr. Sayeed Rezaraj Ahmmad and Mr. Omar Sharif, Directors, will be retiring from the Board at 28th Annual General Meeting and being eligible offered themselves for re-election subject to approval of the shareholders at 28th Annual General Meeting.

Mr. Narayan Roy, FCA and Mr. Mohammad Hamidur Rashid, FCA both are appointed as Independent Directors of the board for the next 3 (three) years in a board meeting held on 31 January 2023 with effect from 1 February 2023 on the basis of approval of Bangladesh Securities and Exchange Commission (BSEC).

The appointment of the above two Independent Directors are required to ratify by the shareholders in the 28th Annual General Meeting.

আমরা হোমোজেনিয়াস টাইলস মার্চ ২০১৫ হতে প্রবর্তন করি এবং আমরা আকার অনুযায়ী কম জল শোষণকারী, পুরু ও মজবুত সর্বোৎকৃষ্ট মানের টাইলস উৎপাদন করছি। ফলে, গ্রাহকদের কাছে এর জনপ্রিয়তা ও চাহিদা বাড়ছে।

লভ্যাংশ:

আলোচ্য অর্থবছরের কোম্পানী ৫.৭৮ কোটি টাকা স্থায়ী সম্পদ সংযোজন করেছেন। তার মধ্যে প্রায় ১.৬৯ কোটি টাকা কোম্পানি তার নিজস্ব তহবিল থেকে বিনিয়োগ করেছেন।

কোম্পানির আর্থিক সক্ষমতা বিবেচনা করে পরিচালনা পরিষদ ২০২২-২৩ অর্থবছরে উদ্যোক্তা/পরিচালক ব্যতীত সকল শেয়ারহোল্ডারদের জন্য ২% নগদ লভ্যাংশ প্রদানের জন্য সুপারিশ করেন, যা আগামী ২৮তম বার্ষিক সাধারণ সভায় শেয়ারহোল্ডারদের অনুমোদন সাপেক্ষে বিতরণ করা হবে। মোট ১৩,৬২,৬৯,০৯৩টি পরিশোধিত শেয়ারের মধ্যে উদ্যোক্তা/পরিচালকদের কাছে ৪,০৮,৭৬,৫৪৬টি সাধারণ শেয়ার রয়েছে। পাবলিক শেয়ারহোল্ডারদের ধারণকৃত ৯,৫৩,৯২,৫৪৭টি সাধারণ শেয়ারের জন্য ১,৯০,৭৮,৫০৯.০০ টাকার লভ্যাংশ প্রদান করা হবে।

অবসর গ্রহণ, মনোনয়ন ও নতুন পরিচালকবৃন্দের নিয়োগ অনুমোদন:

কোম্পানির সংঘ বিধির ১২৬ ধারা অনুযায়ী জনাব মোঃ শাহিদ হোসেন তানজিল, জনাব সাইদ রেজারাজ আহম্মদ এবং জনাব ওমর শরীফ, পরিচালকগণ অত্র ২৮তম বার্ষিক সাধারণ সভায় অবসর গ্রহণ করবেন এবং যোগ্য বিধায় প্রত্যেকেই পুনঃনির্বাচনের জন্য ইচ্ছা প্রকাশ করেছেন, যা ২৮তম বার্ষিক সাধারণ সভায় শেয়ারহোল্ডারদের অনুমোদনের প্রয়োজন।

বাংলাদেশ সিকিউরিটিজ এন্ড এক্সচেঞ্জ কমিশনের অনুমোদনের ভিত্তিতে ৩১শে জানুয়ারী ২০২৩ইং তারিখের পরিচালক পর্ষদের সভায় জনাব নারায়ন রায়, এফসিএ এবং জনাব মোহাম্মদ হামিদুর রশিদ, এফসিএ ১লা ফেব্রুয়ারী ২০২৩ইং তারিখ হইতে পরবর্তী ৩ (তিন) বছরের জন্য স্বতন্ত্র পরিচালক হিসাবে নিয়োগ প্রাপ্ত হন।

উপরোক্ত দুইজন স্বতন্ত্র পরিচালকের নিয়োগ ২৮তম বার্ষিক সাধারণ সভায় শেয়ারহোল্ডারদের অনুমোদন প্রয়োজন।

Ratification of Appointment of Auditors:

The auditors, appointed at the 27th Annual General Meeting, MABS & J Partners, Chartered Accountants, resigned from conducting the audit of financial statements for the year ended 30 June 2023. As a result the post of Statutory Auditors has become a casual vacancy.

The Board of Directors in its meeting held on 04 September 2023 appointed BSEC's panel auditors Islam Quazi Shafique & Co., Chartered Accountants, as statutory auditors of the company for conducting the audit for the year ended 30 June 2023 to fill up the casual vacancy subject to approval by the shareholders at 28th Annual General Meeting.

Ratification of Investment of Tk. 460,27,60,596 against Price Sensitive Information published on 1st September 2022.

The board decided in a board meeting held on 1st September 2022 to increase tiles production capacity by 15,000 sqm (estimated) per day through greenfield project i.e. including land and BMRE of existing tiles plant (Line-1, Line-2 and Line-3) at an investment of BDT 6,500 million and in this regard a Price Sensitive Information was also published.

Based on the above decision, an investment of Taka 460,27,60,596 has been made in different sections of the project in the financial year ended on 30 June 2023.

Mirror polished tiles made at our factory is direct result of said investment and has started trial production. Moreover commercial production will start very soon and other works of the project are in progress.

The above investments are required to be ratified by the shareholders in the 28th Annual General Meeting.

নিরীক্ষক নিয়োগের অনুমোদন:

কোম্পানির ২৭তম বার্ষিক সাধারণ সভায় নিয়োগপ্রাপ্ত নিরীক্ষক ম্যাবস এন্ড জে পার্টনার্স, চার্টার্ড একাউন্টেন্টস, ৩০শে জুন ২০২৩ইং তারিখে সমাপ্ত বছরের আর্থিক হিসাব নিরীক্ষা কার্যক্রম পরিচালনা থেকে অব্যাহতি নেন। এতে করে নিরীক্ষক পদটি শূন্য হয়ে যায়।

শূন্য পদটি পূরণের জন্য পরিচালনা পর্ষদ ৪ সেপ্টেম্বর ২০২৩ইং তারিখের সভায় বিএসইসি'র প্যানেলভুক্ত নিরীক্ষক ইসলাম কাজী শফিক এন্ড কোং, চার্টার্ড একাউন্টেন্টস-কে ৩০ জুন ২০২৩ইং তারিখে সমাপ্ত অর্থ বছরের নিরীক্ষা কার্য পরিচালনা করার জন্য নিয়োগ প্রদান করেন। যাহা ২৮তম বার্ষিক সাধারণ সভায় শেয়ারহোল্ডারদের অনুমোদন প্রয়োজন।

বিনিয়োগের অনুমোদন ১লা সেপ্টেম্বর ২০২২ তারিখের মূল্য সংবেদনশীল তথ্য অনুযায়ী ৪৬০,২৭,৬০,৫৯৬ টাকা।

গত ১লা সেপ্টেম্বর ২০২২ইং তারিখের পরিচালনা পর্ষদের সভায় জমি ক্রয়সহ নতুন প্রকল্প স্থাপন, বিদ্যমান প্রকল্পের ১, ২ এবং ৩ নং লাইনের বিএমআরই বাবদ ৬,৫০০ মিলিয়ন টাকা বিনিয়োগের মাধ্যমে টাইলস এর উৎপাদন ক্ষমতা দৈনিক ১৫,০০০ সেন্টিমিটার বৃদ্ধি করার সিদ্ধান্ত নেওয়া হয় এবং এই ব্যাপারে একটি মূল্য সংবেদনশীল তথ্য ও প্রচার করা হয়েছিল।

উপরোক্ত সিদ্ধান্তের ভিত্তিতে ৩০শে জুন ২০২৩ইং তারিখে সমাপ্ত অর্থ বছরে প্রকল্পের বিভিন্ন খাতে মোট ৪৬০,২৭,৬০,৫৯৬ টাকা বিনিয়োগ করা হয়েছে।

উক্ত বিনিয়োগের ফলে আমাদের ফ্যাক্টরিতে সরাসরি মিরর পলিশ টাইলস পরীক্ষামূলকভাবে তৈরী শুরু হয়েছে। খুব শীঘ্রই বানিজ্যিকভাবে উৎপাদন শুরু হবে এবং প্রকল্পের অন্যান্য কাজগুলো চলমান আছে।

উপরোক্ত বিনিয়োগ ২৮তম বার্ষিক সাধারণ সভায় শেয়ারহোল্ডারদের অনুমোদন প্রয়োজন।



APPOINTMENT OF AUDITORS:

The auditors Islam Quazi Shafique & Co., Chartered Accountants will be retired at 28th Annual General Meeting and being eligible offered themselves for re-appoint for the next term.

The Board of Directors in its meeting held on 16 November 2023 recommended to appoint BSEC's panel auditors Islam Quazi Shafique & Co., Chartered Accountants as statutory auditors of the company for the year 2023-2024 subject to approval of the shareholders at the 28th Annual General Meeting.

The Board also recommended to appoint Atik Khaled Chowdhury, Chartered Accountants, as compliance auditor of the company for the year 2023-2024 subject to approval of the shareholders at the 28th Annual General Meeting.

The Board also recommended to appoint Atik Khaled Chowdhury, Chartered Accountants, as scrutinize auditor of the company for the year 2023-2024 subject to approval of the shareholders at the 28th Annual General Meeting.

OTHERS:

(a) Implementation of ETP

In compliance with DoE, the Company has implemented ETP (Effluent Treatment Plant) in the factory through H.M. Enviro Care which became operational effecting March 29, 2011. Accordingly DOE has provided Environmental Clearance Certificate for a period up to October 21, 2013. Against our application for renewal, DOE has renewed Environmental Clearance Certificate for the period up to 21 October 2023. Renewal for the next period is under process.

নিরীক্ষক নিয়োগ:

কোম্পানির নিরীক্ষক ইসলাম কাজী শফিক এন্ড কোং, চার্টার্ড একাউন্টেন্টস, ২৮তম বার্ষিক সাধারণ সভায় অবসর গ্রহণ করবেন এবং যোগ্য বিধায় পরবর্তী বছরের জন্য পুনঃনিয়োগের প্রস্তাব করেছেন।

পরিচালনা পর্ষদ ১৬ নভেম্বর ২০২৩ইং তারিখের সভায় সকলের অনুমোদন সাপেক্ষে বিএসইসি'র প্যানেলভুক্ত নিরীক্ষক ইসলাম কাজী শফিক এন্ড কোং, চার্টার্ড একাউন্টেন্টস-কে ২০২৩-২০২৪ অর্থ বছরের জন্য নিরীক্ষক হিসাবে নিয়োগের সুপারিশ করেন, যাহা ২৮তম বার্ষিক সাধারণ সভায় শেয়ারহোল্ডারদের অনুমোদন প্রয়োজন।

এছাড়াও বোর্ড আতিক খালেদ চৌধুরী, চার্টার্ড একাউন্টেন্টস-কে কোম্পানির কমপ্লায়েন্স নিরীক্ষক হিসেবে ২০২৩-২০২৪ অর্থবছরের জন্য নিয়োগের প্রস্তাব করেছেন, যা ২৮তম বার্ষিক সাধারণ সভায় শেয়ারহোল্ডারদের অনুমোদনের প্রয়োজন।

এছাড়াও বোর্ড আতিক খালেদ চৌধুরী, চার্টার্ড একাউন্টেন্টস-কে কোম্পানির স্ক্রুটিনাইজ অডিটর হিসেবে ২০২৩-২০২৪ অর্থবছরের জন্য নিয়োগের প্রস্তাব করেছেন, যা ২৮তম বার্ষিক সাধারণ সভায় শেয়ারহোল্ডারদের অনুমোদনের প্রয়োজন।

অন্যান্য:

ক) ইটিপি বাস্তবায়ন

পরিবেশ অধিদপ্তরের নীতিমালা অনুযায়ী বিগত ২৯ মার্চ ২০১১ সাল হতে এইচ.এম. ইনভাইরো কেয়ারের মাধ্যমে কোম্পানি ফ্যাক্টরীতে ইটিপি ব্যবস্থা চালু করেছে। সে অনুযায়ী ২১ অক্টোবর ২০১৩ পর্যন্ত পরিবেশ অধিদপ্তর পরিবেশগত ছাড়পত্র প্রদান করেছেন। আমাদের আবেদনের পরিপ্রেক্ষিতে পরিবেশ অধিদপ্তর ২১ অক্টোবর ২০২৩ পর্যন্ত উক্ত ছাড়পত্র নবায়ন করেছেন। পরবর্তী সময়ের জন্য নবায়ন প্রক্রিয়াধীন আছে।



(b) Credit Rating of the Company

The Company has engaged Credit Rating Agency of Bangladesh Limited for rating the Company. Accordingly CRAB has awarded Long Term rating of A₃ which will remain valid up to 31 December 2023.

REPORTING AND COMPLIANCE OF CORPORATE GOVERNANCE:

Pursuance to the provisions of BSEC Notification No. BSEC/CMRRD/2006-158/207/Admin/80, Dated: 03 June 2018, the Board of Directors has appointed Atik Khaled Chowdhury, Chartered Accountants regarding compliance of conditions of Corporate Governance Guidelines of BSEC for the financial year 2022-2023. The Corporate Governance Compliance Audit Report is annexed herewith as Annexure-B. The report does not contain any qualification, reservation or adverse remark.

APPRECIATION:

I would like to thank all our valued shareholders, patrons, well-wishers and all employees for their continued support and sincere efforts towards the growth of the Company.

On behalf of the Board

Hasna Opgen Haffen
Chairman

Javed Opgenhaffen
Managing Director

খ) প্রতিষ্ঠানের ক্রেডিট রেটিং

কোম্পানির ক্রেডিট রেটিং-এর জন্য 'ক্রেডিট রেটিং এজেন্সী অব বাংলাদেশ লিমিটেড' কে সম্পৃক্ত করা হয়। সে অনুযায়ী ক্রেব কর্তৃক ৩১ ডিসেম্বর ২০২৩ পর্যন্ত মেয়াদের জন্য কোম্পানিকে দীর্ঘ মেয়াদী এ.৩ রেটিং এ ভূষিত করেছেন।

প্রতিবেদন এবং কর্পোরেট গভর্নেন্স এর সম্মতি:

বিএসইসি'র প্রজ্ঞাপন # বিএসইসি/সিএমআরআরসিডি/২০০৬-১৫৮/২০৭/এডমিন/৮০, তারিখ ০৩ জুন ২০১৮-অনুসারে আতিক খালেদ চৌধুরী, চার্টার্ড একাউন্টেন্টস-কে বিএসইসি'র নিয়ম অনুসারে ২০২২-২০২৩ কমপ্লায়েন্স অডিটর হিসেবে নিযুক্ত করা হয়েছে। উক্ত কর্পোরেট গভর্নেন্স কমপ্লায়েন্স অডিট রিপোর্ট সংযুক্তি-বি তে সংযুক্ত আছে। উক্ত রিপোর্টে কোন প্রকার বিচ্যুতি, আপত্তি বা প্রতিকূল মন্তব্য নেই।

কৃতজ্ঞতা:

পরিচালক পর্ষদের পক্ষ থেকে সম্মানিত শেয়ারহোল্ডারবৃন্দ ও সকল শুভানুধ্যায়ী এবং কর্মচারীবৃন্দকে তাদের অব্যাহত সমর্থন ও কোম্পানির উন্নয়নে সহায়তা দানের জন্য আন্তরিক ধন্যবাদ।

পরিচালক পর্ষদের পক্ষে

হাসনা অপগেন হেপেন
চেয়ারম্যান

জাবেদ অপগেনহেপেন
ব্যবস্থাপনা পরিচালক

